BYETS
Building Youth Employability Through Skills

>>> নিউজলেটার <<<

# বাইটস প্রেস

জানুয়ারি ২০২৫ | ভলিউম ৫

বাইটস প্রোজেক্টের অগ্রগতি এবং সাফল্য তুলে ধরতে একটি ত্রৈমাসিক নিউজলেটার




## আন্তর্জাতিক টেক্সটাইল প্রদর্শনীতে বাইটস প্রোজেক্টের অংশগ্রহণ

বিল্ডিং ইয়ুথ এমপ্লয়েবিলিটি থ্রু স্কিলস (বাইটস) প্রকল্প ৬ থেকে ৯ নভেম্বর ২০২৪ -এ সেমস গ্লোবাল আয়োজিত ২৩তম টেক্সটেক বাংলাদেশ আন্তর্জাতিক এক্সপোতে অংশগ্রহণ করে। এই ইভেন্টটি বাইটস এবং এর পার্টনার প্রতিষ্ঠানগুলোর জন্য রেডিমেড গার্মেন্টস (আরএমজি) শিল্পখাতের বিশেষায়িত সেবাগুলি প্রদর্শনের একটি প্ল্যাটফর্ম হিসেবে কাজ করে।
এই প্রদর্শনীতে বাইটস "ব্রিজিং দ্য গ্যাপ: এমপাওয়ারিং টিয়ার ২/৩ আরএমজি ফ্যাক্টরিজ থ্রু স্কিলস ডেভেলপমেন্ট অ্যান্ড কমপ্লায়েন্স" শিরোনামে একটি প্যানেল আলোচনা আয়োজন করে, যেখানে শিল্প বিশেষজ্ঞ, উন্নয়ন সহযোগী এবং ফ্যাক্টরি প্রতিনিধিদের অংশগ্রহণ ছিল।

প্যানেল আলোচনাটি সঞ্চালনা করেন সাস্টেইনাবিলিটি বিশেষজ্ঞ মোহাম্মদ মনোয়ার হোসেন। প্যানেলে উপস্থিত ছিলেন ইন্টারনেশনাল লেবার ল (আইএলও) এর প্রতিনিধি সাইফ মোহাম্মদ মইনুল ইসলাম, বাইটস প্রকল্পের টিম লিডার নাদিয়া আফরিন শামস, আরএমজি শিল্প বিশেষজ্ঞ আবদুল্লাহ আল রানা ফারহাদ, এবং আরএমজি ফ্যাক্টরি প্রতিনিধি মোঃ হাসান। আলোচনায় বাংলাদেশের স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে উত্তরণের প্রেক্ষাপটে নতুন বিধি পরিবর্তন এবং কঠোর কমপ্লায়েন্স চাহিদার চ্যালেঞ্জগুলো উঠে আসে। প্যানেলিস্টরা টিয়ার ২ এবং টিয়ার ৩ ফ্যাক্টরিগুলোতে দক্ষতা উন্নয়ন এবং কমপ্লায়েন্সের উপর গুরুত্ব দেওয়ার প্রয়োজনীয়তার ওপর জোর দেন।

BYETS
Building Youth Employability Through Skills

## আরএমজি খাতে জিআরআই রিপোর্টিংয়ের গুরুত্ব নিয়ে গোলটেবিল আলোচনা




২৪ অক্টোবর ২০২৪ তারিখে বাইয়েটস প্রকল্প এবং দ্য ডেইলি স্টার যৌথভাবে "বাংলাদেশের আরএমজি খাতে গ্লোবাল রিপোর্টিং ইনিশিয়েটিভ (জিআরআই) স্ট্যান্ডার্ড বাস্তবায়ন" শীর্ষক প্রথম গোলটেবিল আলোচনার আয়োজন করে।

এই ইভেন্টে আরএমজি ফ্যাক্টরি , নীতিনির্ধারক এবং দূতাবাসের প্রতিনিধিসহ স্টেকহোল্ডারদের একত্রিত করা হয়। আলোচনায় উঠে আসে যে, বৈশ্বিক প্রতিযোগিতায় টিকে থাকার জন্য সাস্টেইন্যাবল উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং জিআরআই রিপোর্টিং একটি কাঠামোগত পদ্ধতি সরবরাহ করে যা এনার্জি এফিসিয়েন্সি , ন্যায্য মজুরি এবং কর্মস্থলের নিরাপত্তার মতো মূল বিষয়গুলো পরিমাপ ও সমাধান করতে সহায়ক।

অনুষ্ঠানে নেদারল্যান্ডস দূতাবাসের ডেপুটি হেড অব মিশন থাইস ওউডস্ট্রা উপস্থিত ছিলেন। মূল বক্তব্য প্রদান করেন সাস্টেইনাবিলিটি বিশেষজ্ঞ মোঃ মনোয়ার হোসেন। এছাড়াও সিপিডি'র গবেষণা পরিচালক ড. মঈনুজ্জামান হোসেন এবং জিআইজেডের ম্যানেজার মাইকেল ক্লাউড বিশিষ্ট বক্তা হিসেবে আলোচনায় অংশ নেন।

## প্রতিবন্ধী যুবাদের জন্য অন্তর্ভুক্তিমূলক আইসিটি প্রশিক্ষণ শীর্ষক গোলটেবিল আলোচনা




গত ৪ ডিসেম্বর ২০২৪ তারিখে বাইটস প্রকল্প এবং দ্য ডেইলি স্টার যৌথভাবে "আইসিটিতে সাম্যতা: প্রতিবন্ধীদের জন্য অন্তর্ভুক্তিমূলক প্রশিক্ষণ" শীর্ষক দ্বিতীয় গোলটেবিল আলোচনা আয়োজন করে।

উক্ত গোলটেবিল আলচনায় এসএসডিএ, ইউরোপীয় ইউনিয়ন, ইউএন উইমেন, বিডিজবস ডটকম, এ২আই, সিআরপি এবং প্রতিবন্ধীদের নিয়ে কাজ করে এরকম সংস্থাগুলোর প্রতিনিধি ও প্রশিক্ষকরা উপস্থিত ছিলেন।

সিআরপি থেকে প্রশিক্ষণপ্রাপ্ত প্রতিবন্ধী শিক্ষার্থীরা তাদের অভিজ্ঞতা শেয়ার করেন এবং দক্ষতা প্রশিক্ষণ ও কর্মসংস্থানের ক্ষেত্রে তাদের চ্যালেঞ্জগুলো তুলে ধরেন। আলোচনায় জাতীয় দক্ষতা মানদণ্ডকে আরও অন্তর্ভুক্তিমূলক করার কৌশল এবং প্রতিবন্ধী ব্যক্তিদের মূলধারার কর্মসংস্থানে অন্তর্ভুক্তি নিশ্চিত করার উপর জোর দেওয়া হয়।

# বাইটস: মডিউল এবং পার্টনারশিপ

BYETS
Building Youth Employability Through Skills

## এগ্রো-প্রোসেসিং খাতে সুপারভিশনের উপর বাইটস কর্তৃক তৈরি মডিউল অনুমোদন করলো এনএসডিএ

বাইটস প্রোজেক্ট এগ্রো-প্রোসেসিং খাতে ইন্ডাস্ট্রি এক্সপার্ট এবং জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর সহযোগিতায় প্রোডাকশন সুপারভিশন ফর ফুড সেক্টর নামক একটি কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড (সিএস) তৈরি করেছে। এই সিএস টি সুপারভাইজারদের প্রয়োজনীয় দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করবে। বাইটস প্রকল্পের জন্য এটি একটি উল্লেখযোগ্য অর্জন। এনএসডিএ এই সিএসটি যাচাই এবং অনুমোদনের পর তাদের ওয়েবসাইটে এটি উন্মুক্তভাবে শেয়ার করেছে, যাতে যেকোনো প্রশিক্ষণ প্রদানকারী সংস্থা এই সিএস ব্যবহার করে তাদের প্রোগ্রাম পরিচালনা করতে পারে।

বর্তমানে, বাইটস এফএমসিজি ফ্যাক্টরিগুলোকে এনএসডিএ থেকে স্কিলস ট্রেনিং প্রোভাইডার (এসটিপি) হিসেবে রেজিস্ট্রেশন করতে উৎসাহিত করছে। এসটিপি হিসেবে রেজিস্ট্রেশনকৃত ফ্যাক্টরিসমূহ তাদের কর্মীদের এই স্কিল ব্যবহার করে প্রশিক্ষণ সম্পন্ন করার পর ফ্যাক্টরির অভ্যন্তরেই এনএসডিএ এর সার্টিফিকেটের জন্য অ্যাসেসমেন্টের ব্যবস্থা করতে পারবে।







## কিউএ হারবার লিমিটেডের সাথে পার্টনারশিপের মাধ্যমে উচ্চ পর্যায়ের আইসিটি প্রশিক্ষণ চালু করা

গত ২৮ নভেম্বর, ২০২৪ তারিখে বাইটস **কিউএ হারবার** লিমিটেডের সাথে পার্টনারশিপ করেছে যার উদ্দেশ্য সফটওয়্যার কোয়ালিটি অ্যাস্যুরেন্স (এসকিউএ) প্রশিক্ষণ কর্মসূচি চালু করা। এই পার্টনারশিপের অংশ হিসেবে, কিউএ হারবার একটি লাভজনক প্রশিক্ষণ উইং প্রতিষ্ঠার মাধ্যমে তাদের ব্যবসা সম্প্রসারণ করছে যা প্রকল্প-পরবর্তী স্থায়িত্ব নিশ্চিত করবে। তিন মাসের এসকিউএ প্রশিক্ষণটি শেষে প্রশিক্ষণার্থীরা সফটওয়্যার কোয়ালিটি সংশ্লিষ্ট আইসিটি সেক্টরে বিভিন্ন চাকুরী করার দক্ষতা অর্জন করবে।

পরবর্তীতে এই প্রশিক্ষণ মডিউলটি এনএসডিএ দ্বারা যাচাই এবং অনুমোদন করা হবে যাতে অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলি উক্ত অ্যাডভানস মডিউল ব্যবহার করে চাহিদাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করতে পারে।

## সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য কর্মদক্ষতায় এগিয়ে যাওয়ার পথ

সমাজে পিছিয়ে পড়া সম্প্রদায়দের উন্নীত করতে, বাইটস রাজশাহীর সাঁওতাল সম্প্রদায়ের যুবাদের আইসিটি প্রশিক্ষণ প্রদানের জন্য ৩১ অক্টোবর, ২০২৪ তারিখে এডুকো এবং ই-লার্নিং অ্যান্ড আর্নিং লিমিটেড এর সাথে ত্রিপাক্ষিক সমঝোতা স্বারক স্বাক্ষর করেছে। এডুকো ১৯৯৯ সাল থেকে যুবা এবং প্রান্তিক জনগোষ্ঠীর সাথে কাজ করছে।

দেশজুড়ে ৩০৮টিরও বেশি যুবাক্লাব পরিচালনা করে এডুকো, যেখানে বৃহৎ সংখ্যক আদিবাসী যুবা অংশ নেয়। এই নেটওয়ার্ক ব্যবহার করে বাইটস একটি এমন জনসংখ্যার সাথে সম্পৃক্ত হতে চায় যারা এর আগে আইসিটি সেক্টরে কর্মসংস্থানের জন্য সঠিক দক্ষতা অর্জনের সুযোগ পায়নি। প্রশিক্ষণ প্রদানকারী সংস্থা, ই-লার্নিং অ্যান্ড আর্নিং লিমিটেড সহজলভ্য, মার্কেট-ড্রিভেন আইসিটি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সংখ্যালঘু সম্প্রদায়ের যুবাদের আয়ের পথ তৈরির জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জনে সহায়তা করবে, যা তাদের কর্মসংস্থান এবং উদ্যোক্তা হওয়ার সম্ভাবনা বাড়াবে।





# বাইটস: এক নজরে ২০২৪

**(৩১ ডিসেম্বার, ২০২৪ পর্যন্ত আপডেট)**


**১২,৫৬৬**

জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন। তাদের মধ্যে ৬২% নারী এবং ৩৮% পুরুষ

**১০,০২৯**


জন প্রশিক্ষণার্থী সফলভাবে প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। তাদের মধ্যে ৬৫% নারী এবং ৩৫% পুরুষ

## ক্লাসরুম-ভিত্তিক ও কর্মস্থল-ভিত্তিক প্রশিক্ষণে প্রশিক্ষণ সম্পন্নকারী শিক্ষার্থীর সংখ্যা




**৫,০০৬**

প্রশিক্ষণার্থী ১৫টি টিএসপির মাধ্যমে আইসিটি প্রশিক্ষণে অংশগ্রহণ করেছে




**৭,৫৬০**

কর্মী ৬২টি আরএমজি ও এপি ফ্যাক্টরিগুলিতে ডব্লিউবিটির মাধ্যমে প্রশিক্ষণে অংশগ্রহণ করেছে

## বাইটস কাজ করছে

**৬২টি** — আরএমজি ও এপি ফ্যাক্টরির সাথে পার্টনারশিপ


**১৬টি** — স্থানীয় প্রশিক্ষণ প্রদানকারী সংস্থাগুলোর (টিএসপি) সাথে পার্টনারশিপ

**৮টি** — বেসরকারি খাতের স্থানীয় কনসালটেন্সি সার্ভিস প্রোভাইডারের (সিএসপি) সাথে পার্টনারশিপ

**৫টি** — আন্তর্জাতিক কনসালটেন্সি সার্ভিস প্রোভাইডারের (সিএসপি) সাথে পার্টনারশিপ

**১১টি** — প্রশিক্ষণ মডিউল তৈরি হয়েছে যা থেকে ১টি এনএসডিএ দ্বারা অনুমোদিত

## সাস্টেইনাবিলিটি নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ অগ্রগতি




৬৩৮ মাস্টার ট্রেনার এবং অ্যাসেসর তৈরি করেছে আরএমজি ও এপি ফ্যাক্টরিগুলিতে

**ইউরো ৯৭৬,১৯০**

অক্টোবর ২০২৪ পর্যন্ত, বাইটস প্রকল্প ক্লাসরুম ও কর্মস্থল ভিত্তিক (ডব্লিউবিটি) এবং হাইব্রিড প্রশিক্ষণের মাধ্যমে আরএমজি, আইসিটি এবং এপি খাতে ইউরো ৯৭৬,১৯০ এর বেশি বেসরকারি বিনিয়োগ নিশ্চিত করেছে

Kingdom of the Netherlands

swisscontact